# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৭৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু উক্ত সালাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে উপস্থিত ছিলেন না, তার কথা অপনোদনকারী হাদীস

## ذكر الخبر المدحض قول من زعم أن أَبَا هُرَيْرَةَ لَمْ يَشْهَدْ هَذِهِ الصَّلَاةَ مَعَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

2677 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ قَالَ: حَدَّثَنَا عِكْرِمَةُ بْنُ عَمَّارٍ قَالَ: حَدَّثَنَا ضَمْضَمُ بْنُ جَوْسٍ الْهِفَّانِيُّ قَالَ لِي أَبُو هُرَيْرَةَ: صَلَّى بِنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِحْدَى صَلَاتَيِ الْعَشِيِّ فَلَمْ يُصَلِّ بِنَا إِلَّا رَكْعَتَيْنِ ـ فَقَالَ لَهُ رَجُلٌ يُقَالُ لَهُ: ذُو الْيَدَيْنِ مِنْ خُزَاعَةَ ـ: يَا رسول الله أَقَصُرَتْ الصلاة أم نسيت؟ فقال: كُلُّ ذَلِكَ لَمْ يَكُنْ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّمَا صَلَّيْتَ بِنَا رَكْعَتَيْنِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَا يَقُولُ ذُو الْيَدَيْنِ؟ ـ وَأَقْبَلَ عَلَى الْقَوْمِ فَقَالُوا: يَا رَسُولَ اللَّهِ لَمْ تُصَلِّ بِنَا إِلَّا رَكْعَتَيْنِ فَقَامَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاسْتَقْبَلَ الْقِبْلَةَ فَصَلَّى الرَّكْعَتَيْنِ الْبَاقِيَتَيْنِ ثُمَّ سَلَّمَ ثُمَّ سجد سجدتين وهو جالس.

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2677 | خلاصة حكم المحدث: حسن صحيح ـ ((الإرواء)) (2/ 130) , ((الروض النضير)) (1097) ـ ((صحيح أبي داود)) (931).

বাংলা

২৬৭৭. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিকেলের কোন এক সালাতে (যোহর কিংবা আসরে) দুই রাকা‘আত পড়ে সালাম ফেরান। তখন খুযাআহ গোত্রের যুলইয়াদাইন সাহাবী বলেন, “সালাত কি কমিয়ে দেওয়া হয়েছে নাকি আপনি ভুলে গেছেন?”

জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “এর কোনটাই হয়নি।” তখন তিনি আবার আরজ করেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আপনি আমাদের নিয়ে দুই রাকা‘আত সালাত আদায় করেছেন।” অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তিনি লোকদের মুখোমুখী হন এবং বলেন, “যুলইয়াদাইন কী বলছে?” সাহাবীগণ জবাবে বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আপনি আমাদের নিয়ে দুই রাকা‘আত সালাত আদায় করেছেন।” অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়িয়ে কিবলামুখী হয়ে বাকি দুই রাকা‘আত সালাত পূর্ণ করেন তারপর সালাম ফেরান অতঃপর বসা অবস্থায় দুটি সাহু সাজদা করেন।”[1]

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৯৩; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/১২১; সহীহ আল বুখারী: ৭১৪; আবূ দাঊদ: ১০০৯; তিরমিযী: ৩৯৯; নাসাঈ: ৩/২২; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/৪৪৪; সুনান বাইহাকী: ২/৩৫৬; সহীহ মুসলিম: ৫৭৩।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৯৩১)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92007

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন